# তুরাগ ও বালু নদীর তীরে সীমানা পিলার স্থাপন এর কাজ ১৪ দিনের মধ্যে শুরু করার নির্দেশ দিয়েছে হাইকোর্ট।

---

তুরাগ ও বালু নদীর তীরে সীমানা পিলার স্থাপনের কাজ ১৪ দিনের মধ্যে শুরু করতে নির্দেশ দিয়েছেন হাইর্কোট এবং একই সাথে ভরা মৌষুমে তুরাগ ও বালু নদীর দুই পারের সীমানা নির্ধারন করতে বলাা হয়েছে। HRPB এর পক্ষে করা এক আবেদনের উপর শুনানী শেষে বিচারপতি মির্জা হোসেন হায়দার এবং বিচারপতি মুহাম্মাদ খুরশিদ আলম সরকার এর আদালতে আজ এ আদেশ দেন।

শুনানীতে বাদী পক্ষের কৌশুলি আদালতে বলেন যে ২৫.০৬.২০০৯ তারিখে চার নদী রক্ষায় কতিপয় নির্দেশনা সহ নদীর তীরে পিলার স্থাপনের কাজ করতে বলা হয় কিন্তু নদীর সঠিক সীমানায় পিলার স্থাপন না করায় বিভিন্ন মহল অভিযোগ আনলে সরকার তুরাগ ও বালু নদীর সীমানায় পিলার স্থাপনের কাজ বন্ধ করে। এর পরে ভুমি দস্যুরা নদীর অনেক জায়গা দখল করছে । আইন অনুসারে ভরা মৌসুমে সীমানা নির্ধারন এর বাধ্যবাধকতা রয়েছে বলে আদালতে জানান এডভোকেট মনজিল মোরসেদ। আদালত বিবাদীদেরকে ১৫ ই সেপ্টেম্বরের মধ্যে Compliance Report দাখিল করতে নির্দেশ দিয়েছেন।

অপর একটি আবেদনের প্রেক্ষিতে একই আদালত তুরাগ নদীর কামারপাড়ার নিকট নদীর সীমানায় ভরাট ও নির্মান কাজ বন্ধে এবং ৭ দিনের মধ্যে ভরাটকৃত মাট, বালু ও নির্মান কাজ অপসারন করে আদালতে Compliance Report দাখিল করতে নির্দেশ দিয়েছেন। উল্লেক্ষ্য ১২.০৭.২০১৪ তারিখে Daily Star পত্রিকায় এ সংক্রান্ত ছবিসহ প্রতিবেদন প্রকাশিত হলে HRPB এর পক্ষে আবেদনটি দাখিল করা হয় গত ১৭.০৭.২০১৪ তারিখে। আদালত সচিব ও ডিজি পরিবেশ, BIWTA এর চেয়ারম্যান, ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ এর জেলা প্রশাসক সহ বিবাদীদের প্রতি নির্দেশনা দেন। আদালত ভরাট ও দখল এর জন্য দায়ী ব্যাক্তিদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন এর নির্দেশনা দিয়েছেন।

আদালতে আবেদন এর পক্ষে শুনানী করেন এডভোকেট মনজিল মোরসেদ। রীট মামলার বাদীরা হলেন এডভোকেট আসাদুজ্জামান সিদ্দিকী, এডভোকেট এখলাছ উদ্দিন ভুইয়া প্রমুখ।

বার্তা প্রেরকঃ-
HRPB ঃ-
তারিখঃ- ২৪.০৭.২০১৪ ইং।